গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর(এইচইডি)
প্রধান প্রকৌশলীর কার্যালয়
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা।

মুজিব বর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

স্মারক নং-৪৫.০২.০০০০.০১০.১৮.০০২.২২- ৬৬৬০

তারিখ ঃ ২৯/১২/২০২২

**বিষয় ঃ স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।**

স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ২৯/১২/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্টক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ সভার কার্যবিবরণী-০৪(চার) পাতা।

২৯/১২/২০২২
(মোঃ আব্দুল হামিদ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (তড়িৎ) (চঃ দাঃ)
এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা
ও
সদস্য সচিব, নৈতিকতা কমিটি

কার্যক্রমঃ সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ ঃ উপ-সচিব, প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও লাইন ডাইরেক্টর (পিএফডি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালি, ঢাকা।
৪। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওয়ান বাজার ঢাকা।
৫। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালি, ঢাকা।
৬। মহাপরিচালক, নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
৭। অতিরিক্তি প্রধান প্রকৌশলী, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও প্রশাসন), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এইচইডি, সার্কেল ১/২/৩/৪/৫/৬/৭/৮।
১০। উপ-প্রধান স্থপতি, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
১১। পরিচালক, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
১২। উপ-সচিব (প্রশাসন-২) (অতিরিক্ত দায়িত্ব বাজেট শাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
১৩। নির্বাহী প্রকৌশলী (পিএম-১/পিএম-২/তড়িৎ-প্রকল্প ব্যবস্থাপনা), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
১৪। নির্বাহী প্রকৌশলী (সকল), এইচইডি, ........................................... বিভাগ।
১৫। প্রধান প্রকৌশলী মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।

## স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ব্রিগেডিয়ার জেনারেল বশির আহমেদ, এনডিসি, পিএসসি<br>প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা। |
| সভার স্থান | : | সভাকক্ষ, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা। |
| সভার তারিখ ও সময় | : | ২৯/১২/২০২২২ খ্রিঃ, সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** তে সন্নিবেশিত করা হলো।

১। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সরকারি প্রতিষ্ঠানসমূহের কর্মকান্ডে সেবাধর্মী আচরণ প্রতিষ্ঠার জন্য শুদ্ধাচার বিষয়ে সচেতনতা বৃদ্ধির গুরুত্ব তুলে ধরেন। প্রধান প্রকৌশলী মহোদয় উপস্থিত সকলকে জানান যে, মন্ত্রণালয় কর্তৃক অর্পিত দায়িত্ব স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সুচারুরূপে পালন করে আসছে।

তিনি জানান যে, প্রকল্প কাজ বাস্তবায়নে প্রতিনিয়তঃ নানাবিধ সমস্যা-অসুবিধা পরিলক্ষিত হয়। নতুন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে জমি অধিগ্রহণ একটি দীর্ঘসূত্রিতার বিষয়। তাছাড়া সঠিকভাবে প্রকল্প সাইট নির্বাচন করা সম্ভব না হলে প্রকল্প বাস্তবায়নে নানাবিধ সমস্যার সম্মুখিন হতে হয়; প্রকল্প ব্যয় বৃদ্ধি পায় এবং পরবর্তিতে স্বাস্থ্য সেবা প্রদানে অসুবিধার সৃষ্টি হয়। যেহেতু প্রকল্প সাইট নির্বাচনের বিষয়টি ব্যবহারকারী কর্তৃপক্ষ তথা স্বাস্থ্য অধিদপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, নিপোর্ট ইত্যাদি প্রতিষ্ঠানের বিষয়, তাই শুরুতেই গুরুত্বসহকারে সাইট নির্বাচন করার বিষয়ে তিনি গুরুত্বআরোপ করেন।

পুনঃনির্মাণের ক্ষেত্রে পুরাতন ভবন ভাঙ্গা এবং নিলাম প্রক্রিয়া সম্পন্ন না হলে প্রকল্প কাজ শুরু করা যায় না বিধায় দ্রুত এ ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। পুরাতন ভবন ভাঙ্গা, নির্মাণের স্থানে বৃক্ষাদি অপসারণ এবং নিলাম প্রক্রিয়াকরণের জন্য মন্ত্রণালয় কর্তৃক কমিটি গঠন করা রয়েছে। তাই প্রকল্প কাজের কার্যাদেশ তথা চুক্তির সঙ্গে সঙ্গে এ কাজগুলো সম্পন্ন করা হলে নির্ধারিত সময়ে প্রকল্প কাজ বাস্তবায়ন করা সম্ভব হয়। প্রধান প্রকৌশলী মহোদয় বিষয়গুলো নিয়ে উপস্থিত বিভিন্ন অধিদপ্তর/প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সাথে মতবিনিময় করেন। উপস্থিত সকলে নির্ধারিত সময়সীমার মধ্যে প্রকল্প কাজ বাস্তবায়নের স্বার্থে উক্ত কাজগুলো দ্রুত সম্পন্ন করার ব্যাপারে একমত পোষন করেন।

২। প্রধান প্রকৌশলী মহোদয় অতঃপর বিভিন্ন প্রকল্প কাজ সমাপ্তির পরে ব্যবহারকারী কর্তৃপক্ষের নিকট হস্তান্তরকরণ না হওয়া এবং হস্তান্তরকরণে বিলম্বের ব্যাপারে বিস্তারিত আলোচনা করেন। দীর্ঘদিন ধরে প্রকল্প কাজগুলো শেষ হলেও ব্যবহারকারী কর্তৃপক্ষ কর্তৃক হস্তান্তর/বুঝে না নেওয়ার কারণে কাঙ্ক্ষিত স্বাস্থ্য সেবা প্রদান করা সম্ভব হয় না।

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের পরিচালক (অল্টারনেটিভ মেডিসিন) জনাব ডাঃ মোঃ মাসুদুর রহমান জানান যে, আইএইচটি, ম্যাটস ইত্যাদি প্রতিষ্ঠান স্থাপনের পূর্বে ভালোভাবে এর সম্ভাব্যতা যাচাই-বাছাই করে স্থাপন করা প্রয়োজন, তা না হলে এ সকল প্রতিষ্ঠান স্থাপনের পর চালু করা কঠিন হয়ে যায়। তিনি আরো উল্লেখ করেন যে, বর্তমানে দেশে প্রয়োজনীয় সংখ্যক আইএইচটি ও ম্যাটস রয়েছে। এ সকল প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য পর্যাপ্ত সংখ্যক আসন রয়েছে। সভাপতি মহোদয় জানান যে, মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনক্রমে এ সকল প্রতিষ্ঠান স্থাপন কাজ ওপিতে অন্তর্ভূক্ত হয়। এইচইডি শুধুমাত্র মন্ত্রণালয়ের নির্দেশক্রমে নির্মাণ কাজ বাস্তবায়ন করে থাকে। তবে, তিনি এ বিষয়ে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধির সাথে একমত পোষন করেন।

নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তরের সহকারী পরিচালক সুলতানা পারভিন জানান যে, ওপিতে অন্তর্ভূক্ত চলমান নার্সিং কলেজ নির্মাণ কাজসমূহ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে।

নিপোর্টের প্রতিনিধি জনাব মোঃ এমদাদুল হক, হিসাবরক্ষণ কর্মকর্তা জানান যে, আরপিটিআই ও আরপিটিসি কাজসমূহ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে। তিনি চকোরিয়া আরপিটিআই নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য গুরুত্বআরোপ করেন। এছাড়া তিনি চাঁদপুর আরপিটিআই নির্মাণ কাজের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে সভায় উপস্থিত উপ-প্রধান স্থপতি জনাব মোঃ আনিসুর রহিম বলেন যে, চাঁদপুর আরপিটিআই নির্মাণের জন্য প্রয়োজনীয় জমি নির্ধারিত হয়নি বিধায় নির্মাণ কাজটি আরওপি থেকে বাদ দেওয়া হয়েছে।

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডএ) জনাব মোঃ আনোয়ার হোসেন জানান যে, মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত পিএফডি ওপি অনুযায়ী প্রকল্প কাজ বাস্তবায়ন করা হয়। তিনি যে সকল প্রকল্প কাজ সমাপ্ত হয়েছে কিন্তু ব্যবহারকারী কর্তৃপক্ষ কর্তৃক হস্তান্তরকরণ হয়নি/বুঝে নেয়নি সেগুলো দ্রুত হস্তান্তরকরণের ব্যাপারে উপস্থিত অধিদপ্তর প্রতিনিধিদের দৃষ্টি আকর্ষন করেন। তিনি হাসপাতাল ও অফিস আঙ্গিনা নিয়মিতভাবে পরিস্কার পরিচ্ছন্নতার ব্যাপারে যত্নশীল হওয়ার আহবান জানান।

৪। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত/সুপারিশ পেশ করা হয়ঃ

**সিদ্ধান্ত/সুপারিশঃ**

(ক) নতুন প্রকল্প বাস্তবায়নের জন্য স্বল্পতম সময়ে জমি অধিগ্রহণ, নির্মাণাধীন স্থানের গাছপালা দ্রুততম সময়ে অপসারন ও নিলাম প্রক্রিয়া সম্পাদন এবং পুনঃনির্মাণের ক্ষেত্রে বিদ্যমান পুরাতন ভবন ভাঙ্গার অনুমোদন ও নিলাম প্রক্রিয়া ত্বরান্বিত করার ব্যাপারে ব্যবহারকারীসহ সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে আরো কার্যকরী ভূমিকা পালন করতে হবে।

(খ) এইচইডি কর্তৃক যে সকল প্রকল্প কাজ সমাপ্ত হয়েছে কিন্তু হস্তান্তর করা হয়নি সে সকল প্রকল্প কাজ যথাযথ কর্তৃপক্ষকে হস্তান্তরকরণ/বুঝে নেওয়ার জন্য মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র প্রেরণ করতে হবে এবং হস্তান্তরকৃত হাসপাতাল/প্রতিষ্ঠান দ্রুত চালুকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(গ) ব্যবহারকারী কর্তৃপক্ষের চাহিদা, প্রয়োজনীয়তা, যৌক্তিকতা এবং নির্বাচিত সাইট সরেজমিনে পরীক্ষা-নিরীক্ষা করতঃ যাচাই-বাছাই করে ভবিষ্যতে আইএইচটি, ম্যাটস ইত্যাদি প্রতিষ্ঠান স্থাপন করা যেতে পারে।

(ঘ) হাসপাতাল ও অফিস আঙ্গিনা নিয়মিতভাবে পরিষ্কার-পরিচ্ছন্নতার ব্যাপারে নিজ নিজ প্রতিষ্ঠান যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ব্রিগেডিয়ার জেনারেল বশির আহমেদ, এনডিসি, পিএসসি
প্রধান প্রকৌশলী
ও
আহবায়ক, নৈতিকতা কমিটি
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি)

২৭/১২/২৩

স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) এর প্রধান কার্যালয়ের সভা কক্ষে প্রধান প্রকৌশলী মহোদয়ের সভাপতিত্বে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (**Stakeholders**) অংশগ্রহনে অনুষ্ঠিত সভায় সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা ঃ

সভার তারিখ : ২৯/১২/২০২২ খ্রিঃ

সময় : বেলা ১১.০০ ঘটিকা

স্থান : সভা কক্ষ, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।

| ক্রঃ নং | নাম ও পদবী | কার্যালয়ের নাম | মোবাইল নাম্বার | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|
| ১ | মোঃ আব্দুল হামিদ<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী | HED | 01726-263710 | [signature] |
| ২ | ডাঃ মোঃ মাহবুবুর রহমান<br>অতিরিক্ত পরিচালক (স্বা ও প) | স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর | 01817038967 | [signature] 29/12/22 |
| ৩ | মোঃ মাহফুজুল ইসলাম<br>সহকারী<br>প্রকৌ: (চ:দা:) | HED Circle-1 | 01711482799 | [signature] 29.12.2022 |
| ৪ | মো: আনিসুর রহিম<br>উপ-প্রধান প্রকৌ: (চ:দা:) | HED | 01819276723 | [signature] 29.12-22 |
| ৫ | এমদাদুল হক<br>হিসাব রক্ষণ কর্মকর্তা | Nipont | 01797827899 | [signature] 29/12/22 |
| ৬ | সুলতানা পারভীন<br>সহকারি পরিচালক (সমন্বয়) | ডি জি এন এম | 01715407929 | [signature] |
| ৭ | মোঃ আনোয়ার হোসেন<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>পরিকল্পনা ও ডিজাইন | HED, H/Q. | 01711-629070 | [signature] 29/12/22 |
| ৮ | মো: আব্দুল হামিদ<br>প্রশাসনিক কর্মকর্তা (ভা:) (চ:দা:) | এইচইডি প্রধান কার্যালয় | 01727344256 | [signature] 29/12/22 |
| ৯ | সুলতান মাহমুদ জাকির হোসেন<br>মজুমদার, সহকারী পরিচালক | HED HQ | 01915600836 | [signature] 29/12/22 |
| ১০ | আবুল কাইয়ুম খান<br>নির্বাহী প্রকৌশলী (অতি:) | HED, HQ | 01711161846 | [signature] 29.12.2022 |

| ক্রঃ নং | নাম ও পদবী | কার্যালয়ের নাম | মোবাইল নাম্বার | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|
| ১১ | মো: হামিদুল হক খান<br>নির্বাহী প্রকৌশলী (চ:দা:) | HED, HQ | 01717167476 | [signature]<br>29.12.22 |
| ১২ | মো: তাইফুর রহমান<br>XEN (c.c) (PM-1) | HED, HQ | 01817-583388 | [signature]<br>29/12/22 |
| ১৩ | | | | |
| ১৪ | | | | |
| ১৫ | | | | |
| ১৬ | | | | |
| ১৭ | | | | |
| ১৮ | | | | |
| ১৯ | | | | |
| ২০ | | | | |

(একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর(এইচইডি)
প্রধান প্রকৌশলীর কার্যালয়
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা।

মুজিব বর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

স্মারক নং-৪৫.০২.০০০০.০১০.১৮.০০২.২২-৬৬৫৪ তারিখ ঃ ২৭/১২/২০২২

"সভার নোটিশ"

১। আগামী ২৯/১২/২০২২ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকায় প্রধান প্রকৌশলী মহোদয়ের সভাপতিত্বে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) প্রধান কার্যালয়ের সভাকক্ষে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে এক সভা অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য আদিষ্টক্রমে অনুরোধ জানানো হলো।

সভার আলোচ্যসূচিঃ

(১) নতুন প্রকল্প বাস্তবায়নের জন্য স্বল্পতম সময়ে জমি অধিগ্রহণ কার্যক্রম সম্পর্কিত;
(২) পুনঃনির্মাণ এর ক্ষেত্রে পুরাতন ভবনের মূল্যায়ন কার্যক্রম, পুরাতন ভবন ভাঙ্গার অনুমোদন এবং নিলাম প্রক্রিয়া সম্পর্কিত;
(৩) এইচইডি কর্তৃক প্রকল্প কাজ সমাপ্তির পর ব্যবহারকারী কর্তৃপক্ষের নিকট হস্তান্তরকরণ সম্পর্কিত;
(৪) পিএফডি ওপি'র আওতায় প্রকল্প কাজ বাস্তবায়ন সম্পর্কিত সমস্যাদি;
(৫) বিবিধ।

২৮/১২/২০২২

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (তড়িৎ) (চঃ দাঃ)
এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা
ও
সদস্য সচিব, নৈতিকতা কমিটি

বিতরণ ঃ

কার্যক্রমঃ ১। সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ ঃ উপ-সচিব, প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা।

২। সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ ঃ যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা)।

৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও লাইন ডাইরেক্টর (পিএফডি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৫। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৬। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
৭। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৮। মহাপরিচালক, নিপোর্ট, আজিমপুর, ঢাকা

পরিচালক পদমর্যাদার অথবা জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ফোকাল পার্সন হিসেবে প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো।

৯। অতিরিক্তি প্রধান প্রকৌশলী, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও প্রশাসন), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
১১। উপ-প্রধান স্থপতি, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
১২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এইচইডি, সার্কেল-১, ঢাকা।
১৩। পরিচালক, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
১৪। উপ-সচিব (প্রশাসন-২) (অতিরিক্ত দায়িত্ব বাজেট শাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
১৫। নির্বাহী প্রকৌশলী (পিএম-১/পিএম-২/তড়িৎ-প্রকল্প ব্যবস্থাপনা), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
১৬। সহকারী প্রকৌশলী/স্টাফ অফিসার, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
১৭। সহকারী পরিচালক (প্রশাসন/অর্থ), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।

অবগতি ঃ প্রধান প্রকৌশলী মহাদয়ের ব্যক্তিগত সহকারী, (তাকে সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করতে অনুরোধ করা হলো)।